

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ২৪৯৮(আগরতলা,৩০।১০)

সাক্ষর, ৩০ অক্টোবর ২০১৭

রূপাইছড়িতে বিভিন্ন ফলের চাষ

কৃষি দপ্তরের উদ্যোগে এম জি এন রেগায় রূপাইছড়ি ব্লক এলাকায় নানা জাতের ফলের চাষ করা হচ্ছে। এরমধ্যে ৩০ হেক্টর জমিতে আম্রপালি চাষ করা হয়েছে। ব্যয় হবে ৩৭ লক্ষ ১ হাজার ৮১১ টাকা। অন্যদিকে ৪০ হেক্টর পুরানো আম্রপালির বাগান পরিচর্যা করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ১৪ লক্ষ ৩ হাজার ৫২৪ টাকা। ৫ হেক্টর জমিতে মোসাম্বী চাষে ব্যয় হয়েছে ৬ লক্ষ ১৫ হাজার ৯৩৫ টাকা। পুরানো কলা বাগানের পরিচর্যা করা হয় ২৪.৩২ হেক্টর। ব্যয় হয়েছে ২৩ লক্ষ ৯০ হাজার ৪৮৫ টাকা। কাজু বাদামের চাষ হচ্ছে ৫ হেক্টর জমিতে। ব্যয় হবে ৫ লক্ষ ৬ হাজার ৭৪১ টাকা। কেঁচো সার তৈরীর জন্য ভার্মি বেড করা হয়েছে ১০০ টি। ব্যয় হয়েছে ৮ লক্ষ ১৪১ টাকা। ২৩টি পুকুর খননে ব্যয় হয়েছে ৪৬ লক্ষ ৬৮ হাজার ৭৬৪ টাকা। রূপাইছড়ি কৃষি তত্ত্বাবধায়ক কার্যালয় থেকে এতথ্য জানানো হয়েছে।
